


প্রেস বিজ্ঞপ্তি: ঢাকা, ২৯ আগস্ট ২০১৬ খ্রিঃ

আয়কর পরিপত্র প্রকাশ করেছে জাতীয় রাজস্ব বোর্ড

বাজেট কার্যক্রম ২০১৬-১৭ এর মাধ্যমে আয়করের ক্ষেত্রে যেসব নতুন বিধি-বিধান প্রণয়ন এবং কর আইনে যেসব পরিবর্তন আনা হয়েছে তা সম্মানিত করদাতাগণের নিকট সহজভাবে উপস্থাপনের লক্ষ্যে জাতীয় রাজস্ব বোর্ড “আয়কর পরিপত্র ২০১৬-১৭” প্রকাশ করেছে। সম্মানিত করদাতাগণ এবং আগ্রহী সংশ্লিষ্ট অংশীজনদের সুবিধার্থে আয়কর পরিপত্রটি জাতীয় রাজস্ব বোর্ডের ওয়েবসাইট <http://www.nbr.gov.bd>-তে আপলোড করা হয়েছে। এছাড়া, জাতীয় রাজস্ব বোর্ডের <http://www.nbr.gov.bd/contents/poripotro/16.pdf> লিংক থেকে পরিপত্রটি ডাউনলোড করা যাচ্ছে।

সিনিয়র সচিব, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ ও চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড জনাব মো. নজিবুর রহমান বলেন, বিগত ২০১৫-১৬ অর্থবছরের রাজস্ব আহরণের ক্ষেত্রে জাতীয় রাজস্ব বোর্ড নির্ধারিত লক্ষ্যমাত্রা অতিক্রম করেছে। এ গৌরবোজ্জ্বল অর্জনের কৃতিত্ব সম্মানিত করদাতা, জাতীয় রাজস্ব বোর্ডের সকল কর্মকর্তা-কর্মচারি, ব্যবসায়ী মহল, সকল পর্যায়ের অংশীজনসহ দেশের সবার। তিনি আরো বলেন, জাতীয় জীবনের সর্বত্র রাজস্ব-বান্ধব সংস্কৃতি প্রতিষ্ঠার লক্ষ্যে একটি ব্যবস্থাপনা কাঠামোর আওতায় অফিস ব্যবস্থাপনা উন্নয়ন, অংশীজনদের সাথে সম্প্রীতির সম্পর্ক সৃষ্টি, তথ্য-প্রযুক্তির অধিকতর ব্যবহার এবং সততার সাথে কর্ম সম্পাদনের মাধ্যমে কর ব্যবস্থাকে আরো আধুনিক, গতিশীল ও পরিপালনমুখী করার জন্য জাতীয় রাজস্ব বোর্ড নিরলস কাজ করে যাচ্ছে। সম্মানিত করদাতাগণের স্বেচ্ছা পরিপালনের মাধ্যমে গত অর্থবছরের লক্ষ্যমাত্রা অতিক্রম করেছে। একইসাথে তাঁদের অকুষ্ঠ সমর্থন ও সহযোগিতার ফলে আগামী অর্থবছরের নির্ধারিত রাজস্ব লক্ষ্যমাত্রা ২ লক্ষ ৩ হাজার ১৫২ কোটি টাকা অর্জন করা সম্ভব হবে বলে দৃঢ়ভাবে আশা করছি।

বর্ণিত সংবাদ বিজ্ঞপ্তিটি আপনার বহুল প্রচারিত মিডিয়ায় প্রচারের নিমিত্ত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সবিনয় অনুরোধ করা হলো।


(সৈয়দ এ মুমেন)
সিনিয়র তথ্য কর্মকর্তা

প্রাপকঃ
বার্তা সম্পাদক
সকল প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়া